বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৬০০.৩২.০০৩.২১.৬১৭

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮
০৯ আগস্ট ২০২১

বিষয়: **কর্পোরেট সিম নিবন্ধন অনুমোদন প্রক্রিয়া, রিভ্যালিডেশন এবং NEIR সিস্টেমের সাথে ইন্টিগ্রেশনসহ কর্পোরেট সিম নিবন্ধন অটোমেশন (CSRA) সিস্টেম চালু করন সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।**

সূত্র: বিটিআরসি স্মারক নং-১৪.৩২.০০০০.৬০০.৩২.০০৩.২১.৫৪২; তারিখঃ ১৩/০৭/২০২১।

১। যুগোপযোগী মোবাইল সেবার মাধ্যমে দেশের অর্থনৈতিক কার্যক্রমকে এগিয়ে নেওয়া এবং ডিজিটাল বাংলাদেশ গঠনে কমিশন ও মোবাইল অপারেটররা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এক্ষেত্রে কর্পোরেট গ্রাহকরাও অগ্রণী ভূমিকা পালন করে আসছে।

এ লক্ষ্যে, কমিশনের সিস্টেম এবং সার্ভিসেস বিভাগ, ২০১৯ সালের ২১ জুলাই থেকে কমিশনের নির্দেশনা অনুযায়ী কোন প্রতিষ্ঠানের অনুকূলে কর্পোরেট সিম বিক্রয়ের ক্ষেত্রে কমিশনের নির্ধারিত ফরম প্রতিপালন স্বাপেক্ষে এবং কর্পোরেট মোবাইল গ্রাহক নিবন্ধন সংক্রান্ত নির্দেশনায় উল্লিখিত ধাপ অনুসরণ করে সকল প্রয়োজনীয় কাগজ পত্রাদি কমিশনে সশরীরে উপস্থিত হয়ে কমিশনে নির্ধারিত কর্মকর্তার অনুমোদন স্বাপেক্ষে কর্পোরেট সিম বিক্রয় করার পদ্ধতি বাস্তবায়ন করে আসছে। পাশাপাশি সকল বিদ্যমান কর্পোরেট গ্রাহকদের ক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করে গ্রাহক তথ্য হালনাগাদ প্রক্রিয়া চলমান রয়েছে যা সামগ্রিক কর্পোরেট গ্রাহকের নিবন্ধন প্রক্রিয়াকে আগের চেয়ে অনেক সুসংহত করেছে। এরই ধারাবাহিকতায় কমিশনের এর মহাপরিচালক (সিস্টেম এবং সার্ভিসেস বিভাগ) এর সভাপতিত্বে মোবাইল অপারেটর এবং AMTOB এর প্রতিনিধিগণের সাথে একাধিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহের মাধ্যমে Corporate SIM নিবন্ধনের অনুমোদন প্রক্রিয়াটি অটোমেশন করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। কমিশন ও AMTOB - এর মধ্যে মিটিং এর সিদ্ধান্ত মোতাবেক কর্পোরেট গ্রাহকের নিকট সিম বিক্রয়ের অনুমোদন, রিভ্যালিডেশন, রিপোর্টিং এবং অন্যান্য ডাটাবেজ (CBVMP, NEIR, NID/BNDA) এর সাথে ইন্টিগ্রেশণ এর জন্য মোবাইল অপারেটররা কমিশনের নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে একটি Corporate SIM Registration Automation (CSRA) সিস্টেম ডেভেলপ করবে, যেখানে প্রতিটি অপারেটর একটি কমন ওয়েব পেইজে তাদের কর্পোরেট সিম নিবন্ধন অটোমেশন সিস্টেম (CSRA) এর লিংক প্রদান করবে। কমিশন কর্মকর্তা উক্ত ওয়েব পেইজে নিজস্ব পাসওয়ার্ড এর মাধ্যমে লগইন করে প্রয়োজনীয় অনুমোদন প্রদান করবে। এর মাধ্যমে মোবাইল অপারেটর ও কমিশনের কাজের সময় সংকোচন এবং দক্ষতা বৃদ্ধি পাবে।

২। কর্পোরেট সিম নিবন্ধনের অটোমেশন প্রক্রিয়াটি চূড়ান্ত করার লক্ষ্যে গত ০১ জুলাই ২০২১ খ্রিঃ তারিখে মহাপরিচালক এসএস বিভগের সভাপতিত্বে সকল মোবাইল অপারেটরের প্রতিনিধিদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সকল মোবাইল অপারেটর কর্তৃক অনুসরনের জন্য নিম্নবর্নিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ


**ক) কর্পোরেট সিম রেজিস্ট্রেশন অটোমেশনের লক্ষ্যে কমিশন নির্ধারিত সকল ধাপ অনুসরণ করে নিজস্ব অথবা যৌথভাবে (এমটব এর মাধ্যমে) আগামী ৩১ শে আগস্ট, ২০২১ খ্রি: এর মধ্যে কর্পোরেট সিম নিবন্ধন অটোমেশন (CSRA) সিস্টেম চালু করবে।**

**খ) বর্তমানে ব্যবহৃত কর্পোরেট সিমগুলোর নিজ নিজ প্রতিষ্ঠানের KCP এবং তার NID এর তথ্য NEIR সিস্টেমে সংরক্ষণ/আপডেট করার ব্যবস্থা রাখা হয়েছে। ১৪ই অগাস্ট, ২০২১ খ্রি: তারিখের মধ্যে প্রয়োজন অনুসারে NEIR সিস্টেমের MNO পোর্টাল এর মাধ্যমে কর্পোরেট সিম ব্যবহারকারী গ্রাহকদের NID এবং জন্মতারিখ, NID তথ্যভান্ডার/BNDA থেকে যাচাই স্বাপেক্ষে CBVMP এবং NEIR সিস্টেমে সংরক্ষণ করতে হবে। মোবাইল অপারেটরগন CSRA সিস্টেম এর মাধ্যমে কর্পোরেট গ্রাহকদের প্রয়োজনীয় তথ্যাদি অপারেটরের নিজস্ব তথ্য ভান্ডারের সাথে হালনাগাদ করবে।**

কর্পোরেট সিম নিবন্ধন অনুমোদন প্রক্রিয়া, রিভ্যালিডেশন, NEIR এবং CBVMP সিস্টেমের সাথে ইন্টিগ্রেশনসহ কর্পোরেট সিম এর সম্পূর্ন অটোমেশন প্রক্রিয়া চালু করার বিষয়টি ২৫৩তম কমিশন সভায় অনুমোদন করা হয়। এ লক্ষ্যে কর্পোরেট সিম নিবন্ধন অনুমোদন প্রক্রিয়ার ধাপসমূহ ফ্লো চার্টের মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হলোঃ

'কর্পোরেট সিম নিবন্ধন অটোমেশন (CSRA) সিস্টেম' এর ফ্লো-চার্টঃ

**'কর্পোরেট সিম নিবন্ধন অটোমেশন (CSRA) সিস্টেম' এর ফ্লো-চার্টঃ**




৩। এমতাবস্থায়, কর্পোরেট সিম নিবন্ধন অটোমেশন (CSRA) সিস্টেম এর নির্দেশনা মোতাবেক চালু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, কর্পোরেট সিম নিবন্ধন অনুমোদন প্রক্রিয়ার ধাপসমূহ বিস্তারিত সংযুক্তি তে প্রদান করা হলো।

সংযুক্তিঃ কর্পোরেট সিম নিবন্ধন অটোমেশন (CSRA) সিস্টেম এর ধাপসমূহ - (০৭) পাতা।,

৯-৮-২০২১
মোঃ আসিফ ওয়াহিদ
উপ-পরিচালক
ফোন: +৮৮০ ২ ৯৬১১১১১
ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৬৬৭৭
ইমেইল: asif@btrc.gov.bd

বিতরণ :

১) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২।

২) প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রামীণফোন লিমিটেড, জিপি হাউজ,

বসুন্ধরা, বারিধারা, ঢাকা।
৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, রবি আজিয়াটা লিমিটেড, ৫৩
গুলশান সাউথ এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।
৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স
লিমিটেড, ডেন, এসডাব্লিউ (এইচ), প্লট#০৪, গুলশান এভিনিউ,
গুলশান মডেল টাউন, ঢাকা-১২১২।
৫) মহাসচিব, এমটব।, মহাসচিব, এমটব।, গুলশান, ঢাকা

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৬০০.৩২.০০৩.২১.৬১৭/১(২)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮
০৯ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
২) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

৯-৮-২০২১
মোঃ আসিফ ওয়াহিদ
উপ-পরিচালক

**সংযুক্তি**

**<u>ধাপ ১: কর্পোরেট গ্রাহকের অনুমোদিত ব্যক্তির (Key Contact Person -KCP) ডিজিটাল ওয়ার্ক অর্ডারের প্রেক্ষিতে মোবাইল অপারেটরের বিক্রয় প্রতিনিধি (Key Account Manager -KAM) প্রক্রিয়াটি শুরু করবে।</u>**

ক) কর্পোরেট গ্রাহকের অনুমোদিত ব্যক্তির (KCP) ওয়ার্ক অর্ডারের প্রেক্ষিতে মোবাইল অপারেটরের বিক্রয় প্রতিনিধি (KAM) কর্পোরেট সিম বিক্রয়ের জন্যে কমিশনের অনুমোদনের (New Sales/ Up-Sales) নিম্নোক্ত তথ্যাবলী সহ প্রক্রিয়াটি শুরু করবে:

- প্রতিষ্ঠানের নাম/ Company Name
- কর্পোরেট গ্রাহকের কোড (যদি থাকে) / Corporate Customer Code (if available)
- কর্পোরেট ক্যাটাগরি/ Corporate Category
- কর্পোরেট ক্যাটাগরি টাইপ / Corporate Category Type
- কর্পোরেট ক্যাটাগরি সাব-টাইপ/ Corporate Category Sub Type
- প্রয়োজনীয় প্রোডাক্টের নাম ও সংখ্যা/ Required Product with Quantity
- কর্পোরেট গ্রাহকের ওয়ার্কঅর্ডার/ Work Order

খ) কর্পোরেট কাস্টমারের নিকট সিম বিক্রয়ের অনুমোদন, অন্যান্য ইন্টিমেশন এবং এর রিপোর্টিং এর জন্য মোবাইল অপারেটররা তাদের নিজস্ব সিস্টেম Corporate SIM Registration Automation (CSRA) সিস্টেম ডেভেলপ করবে, কিন্তু সবার সিস্টেমের মধ্যে প্রসেস এর সাদৃশ্যতা থাকবে। একটা কমন ওয়েব পেইজে সব অপারেটরের CSRA সিস্টেম এর লিংক দেওয়া থাকবে, সেখান থেকে কমিশন কর্মকর্তা সেই অপারেটরের সিস্টেমে নিজস্ব পাসওয়ার্ড ভেরিফিকেশন এর মাধ্যমে লগইন করবে।

**<u>ধাপ ২: ইলেক্ট্রনিক পদ্ধতিতে মোবাইল অপারেটরের বিক্রয় প্রতিনিধি (KAM) বিটিআরসি'র নির্ধারিত ফর্মগুলো প্রয়োজনীয় তথ্য দিয়ে প্রস্তুত করবে</u>**

ক) মোবাইল অপারেটরের বিক্রয় প্রতিনিধি (KAM) কর্পোরেট মোবাইল গ্রাহক নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা অনুসারে প্রয়োজনীয় তথ্যাবলী দিয়ে ডিজিটাল পদ্ধতিতে বিদ্যমান ফর্মগুলো তৈরী ও পূরণ করবে:

- BTRC Form No 20191000 [for New Sales]
- BTRC Form No 20191001 [for New Sales and Up-Sales]
- BTRC Form No 20191002 [for New Sales]
- BTRC Form No 20191003 [for New Sales and Up-Sales with MSISDN only]
- Work Order
- Any other required Form for approval


খ) ডিজিটালি তৈরিকৃত ফর্মে মোবাইল অপারেটরের বিক্রয় প্রতিনিধির (KAM) সাইন এবং সিলের প্রয়োজন হবেনা। সংশ্লিষ্ট সিস্টেম ফর্ম তৈরিকারী KAM-এর বিস্তারিত স্টোর করবে (KAM এর নাম/আইডি, ফর্ম তৈরীর তারিখ ইত্যাদি)।

গ) ডিজিটালি ফর্মগুলো তৈরী করার পর KAM কর্পোরেট গ্রাহকের সংশ্লিট MD/ Chairman/ Proprietor/ CEO/ অনুমোদিত Divisional Head এর নিকট BTRC Form No – 20191000 & 20191001 এবং অনুমোদিত KCP-এর নিকট BTRC Form No – 20191003 ইলেট্রনিকাল অনুমোদনের জন্য সিস্টেমের মাধ্যমে সাবমিট করবেন।

ঘ) BTRC Form No – 20191002 ডিজিটালি তৈরি করার পর KAM ইলেক্ট্রনিক অনুমোদন দিবেন (শুধুমাত্র New Sales-এর ক্ষেত্রে প্রযোজ্য) এবং পরবর্তীতে BTRC-এর নিকট ইলেক্ট্রনিক অনুমোদনের জন্যে প্রেরণ হবে।

ঙ) Agreement Copy এবং বিটিআরসি ফর্ম ২০১৯১০০০ অনুসারে কর্পোরেট গ্রাহকের অন্যান্য প্রয়োজনীয় ডক্যুমেন্ট স্ক্যান করে আবেদনের সাথে কমিশনের অনুমোদনের জন্য CSRA সিস্টেম এ সংযুক্ত করবে।


**<u>ধাপ ৩: বিটিআরসি'র নির্দেশনা মোতাবেক KAM কর্তৃক প্রস্তুত ফর্মগুলো এবং অন্যান্য ডকুমেন্টস প্রতিষ্ঠানের KCP কর্তৃক ইলেক্ট্রনিক উপায়ে অনুমোদন প্রদান করবে (কোনো হার্ডকপি ফর্মের প্রয়োজন হবেনা)।</u>**




ক) KAM কর্তৃক ফর্মগুলো ডিজিটালি সাবমিট করার পর সংশ্লিষ্ট MD/ Chairman/ Proprietor/ CEO/ অনুমোদিত Divisional Head (BTRC Form No – 20191000 & 20191001) এবং অনুমোদিত KCP (BTRC Form No – 20191003) ইলেক্ট্রনিক উপায়ে অনুমোদন করার জন্য নোটিফিকেশন পাবেন।

খ) কর্পোরেট মোবাইল গ্রাহক নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা অনুসারে শুধুমাত্র কর্পোরেট গ্রাহকের অনুমোদিত ব্যক্তি এই ফর্মগুলো অনুমোদন / বাতিল করতে পারবেন এবং এজন্য মোবাইল অপারেটর যথাযথ সিস্টেম ডেভেলপমেন্ট এবং অনুমোদিত ব্যক্তিকে এক্সেস প্রদান করবেন।

গ) অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কর্পোরেট গ্রাহকের অনুমোদিত ব্যক্তি (I Agree) সিলেকক্ট করে বাটনে ক্লিক করে অনুমোদন দিবেন।




ঘ) সংশ্লিষ্ট MD/ Chairman/ Proprietor/ CEO/ অনুমোদিত Divisional Head এবং অনুমোদিত KCP প্রযোজ্য ফর্ম যেমন দেখতে পারবেন, তেমনি অনুমোদন অথবা বাতিল করতে পারবেন।

ঙ) সংশ্লিষ্ট সিস্টেম অনুমোদন সংক্রান্ত সকল বিষয় (অনুমোদনকারীর নাম/ আইডি, অনুমোদনের তারিখ ও সময়) স্টোর করবে (লগ রাখবে) যা কিনা কমিশনের নিয়োজিত কর্মকর্তা অনুমোদনের সময় দেখতে পারবেন।

চ) ইলেক্ট্রনিক অনুমোদন স্বাপেক্ষে বিটিআরসি ফর্মে অনুমোদনকারীর সাইন বা সিলের প্রয়োজন হবে না।

ছ) এই ইলেক্ট্রনিক অনুমোদিত ফর্মগুলো পরবর্তী ধাপে বিটিআরসি-এর অনুমোদনের জন্যে ডিজিটালি প্রেরিত হবে।

জ) বিটিআরসি ফর্মের ইনপুটগুলো ইংরেজি এবং বাংলা তে দেওয়া যাবে।

**<u>ধাপ ৪: মোবাইল অপেরাটররা কমিশনের নিকট অনুমোদনের জন্য CSRA সিস্টেম এ বিটিআরসি কর্তৃক নির্ধারিত যথাযথ ফরম্যাট ও কাস্টমার প্রোফাইল অনুসরণ করবে।</u>**

ক) বিটিআরসি কর্তৃক নির্ধারিত ফরমেটে নিম্নোক্ত তথ্য ও কাষ্টমার প্রোফাইল সহ আবেদন সাবমিট করবে:

- প্রতিষ্ঠানের নাম/ Company Name
- কর্পোরেট গ্রাহকের কোড/ Corporate Code (if applicable)

- কর্পোরেট ক্যাটাগরি/ Corporate Category:
  1) Category A or
  2) Category B
- কর্পোরেট ক্যাটাগরি টাইপ/ Cororate Category Type:
  1.1) Private Organization or
  1.2) Govt/ Autonomous Organization or
  1.3) Foreign Organization
- কর্পোরেট ক্যাটাগরি সাব-টাইপ/ Corporate Category Sub Type (Applicable for only Private Organization)
  1.1.1) Small (10-50 SIM) or
  1.1.2) Medium (51-100 SIM) or
  1.1.3) Large (>100 SIM) or
  1.1.4) Other (NGO, Research, Welfare, Sports, Educational Institution etc.)
- কর্পোরেট চুক্তির তারিখ/ Date of Agreement with MNO: DD-MM-YYYY
- প্রতিষ্ঠানের লোকবলের সংখ্যা/ No of Total Employee
- অনুমোদিত ব্যক্তির নাম / KCP Name
- অনুমোদিত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র নাম্বার/ KCP NID No.
- অনুমোদিত ব্যক্তির মোবাইল নাম্বার/ KCP Contact No.
- আবেদনকৃত সিমের সংখ্যা/ No of MSISDN

**ধাপ ৫: মোবাইল অপারেটরের নির্ধারিত কর্মকর্তা কর্পোরেট মোবাইল গ্রাহক নিবন্ধন সংক্রান্ত বিটিআরসি'র নির্দেশনা অনুযায়ী নতুন সিম বিক্রয়ের জন্য ইলেক্ট্রনিক উপায়ে আবেদন করবে**

ক) কর্পোরেট যে নাম্বারগুলোর বিক্রয় অনুমোদনের জন্য আবেদন করবে সেগুলো CSRA সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে চেকিং এর মাধ্যমে নিশ্চিত করতে হবে যে নাম্বারগুলো ননএক্টিভেটেড।

খ) বিটিআরসি Approval ও Intimation সংক্রান্ত আবেদনের সাথে কি কি তথ্য, ইলেক্ট্রনিক ফর্ম এবং কর্পোরেট গ্রাহকের তথ্য দিতে হবে তা কমিশন এবং AMTOB-এর যৌথ মিটিং-এ আলোচনার মাধ্যমে নির্ধারণ করা হয়েছে এবং আবেদনের ধরণ এবং বিষয়ের উপর ভিত্তি করে যে সমস্ত তথ্য ও ডক্যুমেন্ট দিতে হবে তা এই নির্দেশনার সাথে সংযুক্ত করা হলো।

গ) মোবাইল অপারেটরের QC টিম যথাযথ চেকিং এর পর CSRA সিস্টেম এর মাধ্যমে অনুমোদের জন্য প্রযোজ্য তথ্য, ইলেট্রনিক ফর্ম (যা গ্রাহকের অনুমোদিত ব্যক্তি এবং KAM দ্বারা অনুমোদিত) এবং কাস্টমারের অন্যান্য ডক্যুমেন্ট সহ ডিজিটাল পদ্ধতিতে সাবমিট করবে।

**ধাপ ৬: কর্পোরেট মোবাইল গ্রাহক নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী কমিশন ইলেক্ট্রনিক পদ্ধতিতে CSRA সিস্টেম এর মাধ্যমে আবেদন অনুমোদন করবে**

ক) মোবাইল অপারেটর ইলেট্রনিকাল পদ্ধতিতে আবেদন সাবমিট করার পর বিটিআরসির সংশ্লিট কর্মকর্তা ইমেইল নোটিফিকেশন পাবেন।

খ) BTRC Approval বা Intimation এর আবেদন অনুমোদনের জন্য বিটিআরসি কর্মকর্তা সংশ্লিট মোবাইল অপারেটরের CSRA সিস্টেমে দুই স্তরের ভেরিফিকেশন এর মাধ্যমে লগইন করবে ।

গ) CSRA সিস্টেম এর ড্যাশবোর্ড-এ তিনটি প্রধান অংশ থাকবে এবং বিটিআরসি কর্মকর্তা অনুমোদনের জন্য Pending Approval বা Pending Intimation ক্লিকের মাধ্যমে প্রবেশ করবেন:

- Pending Approval
- Pending Intimation
- Report

ঘ) সেখান থেকে যেকোনো আবেদনের বিস্তারিত তথ্য, ইলেক্ট্রনিক ফর্ম এবং কর্পোরেট গ্রাহকের ডক্যুমেন্ট দেখার (Preview) জন্য টিকেট ডিটেইলে ক্লিক করবে।

ঙ) আবেদন সঠিক হলে বিটিআরসি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তা ডিজিটালি অনুমোদন (Approval) দিবেন এবং অনুমোদিত আবেদন (টিকিট) মোবাইল অপারেটরের কাছে পরবর্তী ধাপগুলো সম্পন্নের জন্য চলে যাবে। CSRA সিস্টেম এর রিপোর্ট সেকশনে এই অনুমোদিত আবেদনগুলো সকল প্রকার তথ্য, ইলেক্ট্রনিক ফর্ম এবং কর্পোরেট গ্রাহকের ডকুমেন্ট সহ সবসময়ের জন্য সংরক্ষিত থাকবে। যেহেতু ইলেক্ট্রনিক পদ্ধতিতে অনুমোদন দেওয়া হয়েছে তাই সিষ্টেম অনুমোদন সংক্রান্ত বিষয় (বিটিআরসি কর্মকর্তার নাম/আইডি, অনুমোদনের তারিখ) সংরক্ষণ করবে।

চ) আবেদন সম্পর্কিত আরও কোনো তথ্যের প্রয়োজন হলে বিটিআরসি কর্মকর্তা আবেদনটিকে বাতিল না করে মোবাইল অপারেটরের কাছে ফেরত পাঠাতে (Revert Back) পারেন প্রয়োজনীয় তথ্য বা ব্যাখ্যার জন্য।

ছ) আবেদন সঠিক না হলে বিটিআরসি কর্মকর্তা আবেদনটি ইলেক্ট্রনিক পদ্ধতিতে বাতিল (Reject) করতে পারেন এবং তা CSRA সিস্টেম এর রিপোর্ট সেকশনে সবসময়ের জন্য সংরক্ষিত থাকবে বাতিল আবেদন হিসেবে। যেহেতু ইলেক্ট্রনিক পদ্ধতিতে অনুমোদন বাতিল হয়েছে তাই সিষ্টেম এই অনুমোদন বাতিল সংক্রান্ত বিষয় (কর্মকর্তার নাম/আইডি, তারিখ) সংরক্ষণ করবে।

**<u>ধাপ ৭: কমিশনের অনুমোদন অনুসারে মোবাইল অপারেটর কর্পোরেট সিমের হস্তান্তর, বায়োমেট্রিক ভেরিফিকেশন এবং এক্টিভেশন সম্পন্ন করবে।</u>**

ক) কর্পোরেট গ্রাহকের কাছে সিম ডেলিভারি, বায়োমেট্রিক ভেরিফিকেশন এবং এক্টিভেশন এর সাথে সম্পর্কিত কাজগুলোও এই CSRA সিস্টেম এর মাধ্যমে শুরু এবং ট্র্যাক করতে হবে।

খ) কমিশনের অনুমোদনের পূর্বে কিছুতেই মোবাইল অপারেটরগণ কর্পোরেট সিম গ্রাহকের কাছে হস্তান্তর, বায়োমেট্রিক ভেরিফিকেশন এবং সচল (Active) করতে পারবে না।

গ) যেহেতু একই প্লাটফর্মে পরবর্তী ধাপগুলোও সংযোজিত থাকবে, তাই এখানে সিষ্টেম কনট্রোলের মাধ্যমে পরবর্তী কার্যক্রমগুলো যাতে বিটিআরসির অনুমোদন অনুসারে হয় তা নিশ্চিত করতে হবে।

**<u>ধাপ ৮: সিমের ব্যবহারকারী নেটওয়ার্কে সংযুক্ত হবার সাথে সাথে NEIR প্লাটফর্মে স্বয়ংক্রিয় পদ্ধতিতে গ্রাহকের MSISDN, IMSI, Corporate Flag, NID ইত্যাদি আপডেট করবে এবং গ্রাহককে এক্সেস প্রদান করবে</u>**

ক) সিমের ব্যবহারকারী নেটওয়ার্কে সংযুক্ত হবার সাথে সাথে NEIR প্লাটফর্মে স্বয়ংক্রিয় পদ্ধতিতে (প্রযোজ্য গ্রাহকদের ক্ষেত্রে) MSISDN, IMSI, IMEI, Corporate Flag, Owner (KCP) ID, Owner (KCP) ID Type, Special Flag (যদি প্রযোজ্য হয়) আপডেট করবে এবং গ্রাহককে সিম ব্যবহারের এক্সেস প্রদান করবে।

খ) একত্রে মোবাইল হ্যান্ডসেটের IMEI গ্রহণযোগ্য না হলে স্পেশাল রেজিস্ট্রেশন প্রসেস এর মাধ্যমে ১০ দিনের মাধ্যমে গ্রাহককে বিটিআরসির কাছে আবেদন করতে হবে এবং নির্দেশনা অনুসারে বিটিআরসি পরবর্তী সিদ্ধান্ত দিবে। কিন্তু কর্পোরেট গ্রাহকদের ক্ষেত্রে এই ধাপে কোনো রকম বাইন্ডিং প্রযোজ্য হবে না।

গ) MNO পোর্টাল (NEIR) এ কর্পোরেট গ্রাহকের তথ্য আপডেট না করলেও এখানে কর্পোরেট গ্রাহক সিম ব্যবহারের এক্সেস পাবেন, যেহেতু কমিশনের নির্দেশনা অনুসারে কর্পোরেট গ্রাহক ব্যাবহারকারির তথ্য প্রদানের জন্য ৩০ দিন সময় পায় এবং কিছু কর্পোরেট গ্রাহক (সশস্ত্র বাহিনী, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, গোয়েন্দা সংস্থা, সরকারী অন্যান্য প্রতিষ্ঠান, জাতিসঙ্ঘের সংস্থা) এর আওতামুক্তও থাকবে ও তাদের ক্ষেত্রে এই তথ্য দেওয়া বাধ্যতামূলক নয়।

ঘ) সঙ্গত কারণে সশস্ত্র বাহিনী, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, গোয়েন্দা সংস্থা, সরকারী অন্যান্য প্রতিষ্ঠান, জাতিসঙ্ঘের সংস্থা উক্ত নির্দেশনার আওতামুক্ত থাকবে এবং তাই এই সমস্ত কর্পোরেট গ্রাহকদের ক্ষেত্রে NEIR-এ একটা স্পেশাল ফ্ল্যাগ থাকবে এবং এদের ক্ষেত্রে ব্যাবহারকারির পূর্ণ নাম, NID ও পদবি প্রদান বাধ্যতামূলক না এবং IMEI ও NID এর সাথে কোনো রকম বাইন্ডিং প্রযোজ্য হবে না। এক্ষেত্রে শুধুমাত্র ষ্টান্ডার্ড NEIR প্রযোজ্য হবে।

ঙ) কর্পোরেট Data ও IoT সিমের ক্ষেত্রে স্পেশাল ফ্ল্যাগ থাকবে এবং ব্যবহারকারীর তালিকা প্রদানের প্রয়োজন হবে না।

চ) EIR/ CBVMP থেকে যাতে স্বয়ংক্রিয় এবং নির্ভুলভাবে এই স্টেপে উল্লিখিত তথ্য NEIR প্লাটফর্মে আপডেট হয় সে জন্য NEIR প্লাটফর্ম প্রয়োজনীয় ডেভেলপমেন্ট নিশ্চিত করতে কর্পোরেট গ্রাহকদের জন্য NEIR প্রযোজ্য হবার পূর্বেই কমিশন যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

ছ) সেই সাথে প্রযোজ্য কর্পোরেট গ্রাহকদের ক্ষেত্রে ৩০ দিনের মধ্যে ব্যবহারকারীর তথ্য (NID) না দেওয়া পর্যন্ত KCP NID এর সাথে কোনো রকম বাইন্ডিং হবেনা যাতে কর্পোরেট গ্রাহক নিবিঘ্নভাবে সিম তার ব্যক্তিগত হ্যান্ডসেটে ব্যবহার করতে পারেন।

জ) তবে কর্পোরেট Data ও IoT সিমের ক্ষেত্রে যেহেতু ব্যবহারকারীর তথ্য দেওয়া বাধ্যতামূলক নয়, তাই ব্যাবহারকারির তথ্য প্রদান না করলে তা KCP-এর NID-এর সাথে বাইন্ডিং হবে।

**<u>ধাপ ৯: নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা অনুসারে কর্পোরেট গ্রাহক তার নাম, পদবি, NID, DoB ইত্যাদি ইলেক্ট্রনিক পদ্ধতিতে প্রদান করবে এবং NID সার্ভার/BNDA এর ভেরিফিকেশন ও KCP এর অনুমোদন প্রদান (নেটওয়ার্ক সংযুক্তি থেকে ৩০ দিনের মধ্যে)</u>**

ক) কর্পোরেট গ্রাহকরা (যাদের ক্ষেত্রে NEIR এবং বিটিআরসি অনুমোদন প্রযোজ্য) নেটওয়ার্ক এক্সেস পাওয়ার পর একটা USSD Prompt ও ১০ দিন পর পর তিনটি এসএমএস পাবে ব্যাবহারকারির তথ্য ৩০ দিনের মধ্যে আপডেট করার জন্য।

খ) কর্পোরেট সিমের ব্যাবহারকারি যে NID এবং জন্মতারিখ (DOB) ইলেক্ট্রনিক পদ্ধতিতে সাবমিট করবেন তা প্রথমে মোবাইল অপারেটরে সিস্টেমে চেক করা হবে এবং মিলে গেলে প্রক্রিয়াটি অনুমোদন করবে। মোবাইল অপারেটরের সিস্টেমে এই তথ্য না থাকলে NID সার্ভার/BNDA এর সাথে চেক করে প্রক্রিয়াটি অনুমোদন করবে এবং ভেলিডেশনের পর কর্পোরেটের অনুমোদিত KCP এর অনুমোদনের জন্যে যথাযথ সিস্টেমে সিষ্টেমে চলে যাবে।

গ) কর্পোরেটের অনুমোদিত KCP এর অনুমোদনের পর প্রদত্ত NID, মোবাইল অপারেটরের সিষ্টেমের মাধ্যমে NEIR প্লাটফর্মে আপডেট হবে এবং প্রযোজ্য কর্পোরেট গ্রাহকের IMEI এর সাথে বাইন্ডিং হবে।

ঘ) মোবাইল অপারেটর চাইলে ৩০ দিনের মধ্যে ব্যবহারকারীর তথ্য MNO পোর্টাল এর মাধ্যমেও সাবমিট করতে পারবে।

ঙ) কর্পোরেট সিমের ব্যবহারকারী নেটওয়ার্কে সংযুক্ত হবার থেকে ৩০ দিন সময়ের মধ্যে এই তথ্যসমূহ সাবমিট করবেন, অন্যথায় তার সেবা সাময়িকভাবে রহিত করা হবে। তবে MNO পোর্টাল এর মাধ্যমে তথ্য সাবমিট করে সেবাটি পুনরায় চালু করা যাবে।

চ) কর্পোরেট সিমের ব্যবহারকারী বিদেশী নাগরিক হলে তার বৈধ বিদেশী পাসপোর্ট নাম্বার (KCP থেকে প্রাপ্ত) মোবাইল অপারেটর API এর মাধ্যমে MNO পোর্টাল ব্যবহার করে NEIR এবং CBVMP কে আপডেট করা হবে।

ছ) যেহেতু কর্পোরেট মোবাইল গ্রাহক নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা অনুসারে ইলেক্ট্রনিক পদ্ধতিতে ৩০ দিনের মধ্যে কর্পোরেট সিমের ব্যবহারকারী তথ্য আপডেট হয়ে যাবে, সেহেতু বিটিআরসি ফর্ম - ২০১৯১০০৩ এ কর্পোরেট সিম ব্যবহারকারীর তথ্য জমা দেওয়ার বা আলাদা অনুমোদনের প্রয়োজন হবে না।

জ) সঙ্গত কারণে সশস্ত্র বাহিনী, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, গোয়েন্দা সংস্থা, সরকারী অন্যান্য প্রতিষ্ঠান, জাতিসঙ্ঘের সংস্থা উক্ত নির্দেশনার আওতামুক্ত থাকবে এবং তাই এই সমস্ত কর্পোরেট গ্রাহকদের ক্ষেত্রে NEIR-এ একটা স্পেশাল ফ্ল্যাগ থাকবে এবং এদের ক্ষেত্রে ব্যাবহারকারির পূর্ণ নাম, NID ও প্রদান বাধ্যতামূলক নয় এবং তবে এ সমস্ত গ্রাহক স্বেচ্ছায় চাইলে উল্লেখিত তথ্য একই নিয়মে আপডেট করতে পারবেন। তবে এক্ষেত্রেও IMEI ও NID এর সাথে কোনো রকম বাইন্ডিং প্রযোজ্য হবে না। এক্ষেত্রে শুধুমাত্র ষ্টান্ডার্ড NEIR প্রযোজ্য হবে।

**ধাপ ১০: মোবাইল অপারেটরের নিজস্ব সিস্টেমে কর্পোরেট সিম ব্যবহারকারীর প্রদত্ত তথ্য (নাম, পদবি, NID, DoB) আপডেট হয়ে যাবে।**

ক) কর্পোরেট সিম ব্যবহারকারীর প্রদত্ত নাম, পদবি, Doc Type, NID (বিদেশী নাগরিকের ক্ষেত্রে বৈধ বিদেশী পাসপোর্ট) DoB, NID সার্ভার/BNDA এর সাথে যাচাই (প্রযোজ্য ক্ষেত্রে) এর পর মোবাইল অপারেটরের সিষ্টেমে আপডেট হবে।

খ) কর্পোরেট নাম্বারগুলি প্রদানের জন্য ডিজিটালি বিটিআরসি ফর্ম ২০১৯১০০১ এবং ২০১৯১০০৩ এ যে KCP-কে অনুমোদন প্রদান করা হয়েছে এখানে সেই KCP-ই শুধুমাত্র অনুমোদন করতে পারবে।

**ধাপ ১১: NEIR এর সাথে API মাধ্যমে ব্যবহারকারীর প্রদত্ত NID ও Doc Type, KCP-এর যাচাই এর পর NEIR ও CBVMP প্লাটফর্মে আপডেট হয়ে যাবে।**

ক) কর্পোরেট সিম নিবন্ধন অটোমেশন (CSRA) সিস্টেমটি পৃথক API এর মাধ্যমে NEIR এবং CBVMP এর সাথে সংযুক্ত থাকবে। নেটওয়ার্ক এক্সেস পাওয়ার পর ৩০ দিনের মধ্যে কর্পোরেট গ্রাহকদের তথ্য KCP এর অনুমোদন স্বাপেক্ষে NEIR ও CBVMP প্লাটফর্মে API এর মাধ্যমে আপডেট হবে এবং প্রযোজ্য কর্পোরেট গ্রাহকের IMEI এর সাথে বাইন্ডিং হবে।

খ) NEIR-এর সাথে মোবাইল অপারেটরের সিস্টেম API এর মাধ্যমে সংযুক্ত থাকবে, যাতে গ্রাহকের কোন তথ্য পরিবর্তনের পর সাথে সাথে হালনাগাদ হয়ে যায়। NEIR এর সাথে API মাধ্যমে কর্পোরেট গ্রাহকের প্রদত্ত NID/ Foreign Passport ও Doc Type, সংশ্লিষ্ট অনুমোদিত KCP এর অনুমোদনের এর পর NEIR প্লাটফর্মে আপডেট হয়ে যাবে এবং প্রযোজ্য কর্পোরেট গ্রাহকের IMEI এর সাথে বাইন্ডিং হবে।

**ধাপ ১২: অনুমোদিত কর্পোরেট নাম্বারের সাথে সম্পর্কিত কর্পোরেট সিম ব্যবহারকারীর বিস্তারিত তথ্য CSRA সিস্টেম এর রিপোর্টিং অংশে দেখাতে হবে**

ক) অনুমোদিত কর্পোরেট নাম্বারের সাথে সম্পর্কিত কর্পোরেট সিম ব্যবহারকারীর তথ্য CSRA সিস্টেম এর রিপোর্টিং অংশে নিম্নবর্নিত ছক অনুসারে দেখানো হবে।

| *Sl. No.* | *Company Name and Address* | *Owner Name* | *Owner's Mobile Number* | *Number of Permanent Employee* | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | | | |
| *Company Category* | *Category Type* | *1st Date of Corporate Registration & Number of SIM Taken* | *Date of Revalidation & SIM Number* | *Upsale Date & SIM* | *At present total Number of Voice SIM* | *At present total Number of Data SIM* | *Remarks* |
| 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 |

খ) সিস্টেমে কর্পোরেট সিমের ব্যবহারকারী পরিবর্তন হলে এখানেও স্বয়ংক্রিয়ভাবে ব্যবহারকারীর তথ্য আপডেট হয়ে যাবে।

গ) বিটিআরসি'র চাহিদা মোতাবেক কর্পোরেট গ্রাহক অনুমোদন, সিম নিবন্ধন, রিভ্যালিডেশন, এক্টিভেশন সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি CSRA সিস্টেম এর রিপোর্টিং মডিউল থেকে সরবরাহ করবে।

**ধাপ ১৩: কর্পোরেট গ্রাহক সংক্রান্ত তথ্যাবলী বিটিআরসি এবং AMTOB-এর গৃহীত রিপোর্টিং ফরমেটে নিশ্চিত করা এবং কমিশন কে উক্ত সিস্টেমে প্রবেশাধিকার দেয়া**

ক) কমিশন এবং AMTOB এর আলোচনার মাধ্যমে গৃহীত স্বিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট মোবাইল অপারেটরগণ CSRA সিস্টেমে প্রয়োজনীয় রিপোর্টিং এর ব্যবস্থা রাখবে।

খ) সেখান থেকে কমিশন কর্পোরেট গ্রাহক, তার প্রোফাইল, প্রদত্ত সিম, সিমের ধরণ, KCP এর বিস্তারিত তথ্য, কর্পোরেট সিম ব্যবহারকারীর আপডেটেড তথ্য দেখতে পারবেন।

**<u>ধাপ ১৪: কর্পোরেট গ্রাহকের জন্য ওয়েব সেলফ কেয়ার সিস্টেমে কর্পোরেটে সিম অনুযায়ী ব্যবহারকারীর তালিকা KCP-কে দেখাতে পারবে।</u>**

ক) মোবাইল অপারেটর তার সিষ্টেমে অথবা কর্পোরেট ওয়েব সেলফ কেয়ার পোর্টালের মাধমে অনুমোদিত ব্যক্তিকে (KCP) প্রদত্ত কর্পোরেট মোবাইল নাম্বার অনুসারে কর্পোরেট সিম ব্যবহারকারীর তালিকা শেয়ার করবে যার মাধ্যমে গ্রহণযোগ্যতা এবং স্বচ্ছতা বৃদ্ধি পাবে।

খ) কোনো কর্পোরেট নাম্বারের ব্যবহারকারী পরিবর্তন হলে এই সিস্টেমের মাধ্যমে অনুমোদিত KCP, গ্রাহক পরিবর্তনের/ ডিরেজিস্ট্রেশনের জন্যে ইলেক্ট্রনিক উপায়ে আবেদন করতে পারবে। এতে সর্বদা তথ্য হালনাগাদ থাকার সম্ভাবনা বাড়বে।